# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 15 May, 2025

নারায়ণগঞ্জের পঞ্চবটি বিসিক এলাকা থেকে চার মাস বয়সী শিশুকে চুরির অভিযোগে আসাদুল (৩৪) ও মাহমুদা আক্তার (২৮) দম্পতিকে গ্রেপ্তার করেছে র‍্যাব।গতকাল বুধবার রাতে নারায়ণগঞ্জ শহরের পূর্ব মাসদাইর এলাকা থেকে তাঁদের গ্রেপ্তার করা হয়।এ সময় তাঁদের কাছ থেকে তিশা নামের শিশুটিকেও উদ্ধার করা হয়।

এই দম্পতির গ্রামের বাড়ি লালমনিরহাটের আদিতমারী উপজেলায়। তাঁরা নারায়ণগঞ্জ শহরের দেওভোগ এলাকায় একটি ভাড়া বাসায় থাকতেন।

নারায়ণগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার (ক-সার্কেল) মো. হাসিনুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন।তিনি বলেন, শিশু চুরির ঘটনায় সিসিটিভি ক্যামেরার একটি অস্পষ্ট ফুটেজ পাওয়া যায়।সাত দিন চেষ্টার পর শিশু তিশাকে উদ্ধার করে তার মা-বাবার কোলে ফিরিয়ে দেওয়া হয়েছে।

মাহমুদাকে জিজ্ঞাসাবাদের বরাত দিয়ে এই পুলিশ কর্মকর্তা বলেন, ১২ বছরের সংসারে কোনো সন্তান না থাকায় সামাজিক ও পারিবারিক চাপে তিনি শিশুটিকে লালন-পালনের জন্য চুরি করেছিলেন।

শিশু তিশার বাবা মনোয়ারুল ও মা তহসিনা আক্তার কর্মজীবী।মনোয়ারুল ব্যাটারিচালিত অটোরিকশার চালক ও তহসিনা পোশাক কারখানার কর্মী।

পুলিশ ও ভুক্তভোগী পরিবার সূত্রে জানা যায়, ৭ মে সকালে শহরের দেওভোগ এলাকার বাসা থেকে মনোয়ারুল ও তহসিনা কাজে বের হন। এ সময় শিশুটিকে তাঁদের আরেক সন্তান মরিয়মের (১০) কাছে রেখে যান। সকাল ১০টার দিকে তিশাকে দুধ খাওয়ানোর জন্য মরিয়ম পঞ্চবটি বিসিক এলাকায় মায়ের কর্মস্থলের দিকে যাচ্ছিল। পথে তার সঙ্গে মাহমুদার দেখা হয়। মাহমুদা তিশাকে কোলে নিয়ে মরিয়মকে চকলেট কেনার জন্য কৌশলে দোকানে পাঠান।এই সুযোগে শিশুটিকে নিয়ে সেখান থেকে পালিয়ে যান মাহমুদা।

এ ঘটনায় ওই দিনই ফতুল্লা মডেল থানায় একটি অভিযোগ দায়ের করা হয়। তদন্তে নেমে ঘটনাস্থলের আশপাশ থেকে একটি সিসিটিভি ক্যামেরার অস্পষ্ট ফুটেজ পায় পুলিশ।এর সূত্র ধরে সাত দিন পর গতকাল রাতে শিশুটিকে উদ্ধার করা হয়।মাহমুদা ও আসাদুলকে গ্রেপ্তারের পাশাপাশি তাঁদের সহায়তার অভিযোগে রিনা বেগম ও বুলবুল নামের দুজনকে গ্রেপ্তার করা হয়েছে।

সাত দিন পর গতকাল নিজের সন্তানকে ফিরে পেয়ে কান্না থামছে না মা তহসিনার।তিনি বলেন, তিশাকে ছাড়া একেকটি দিন ছিল অনেক কষ্টের।আদরের ধনকে বুকে ফিরে পেয়ে পুরো পরিবার আনন্দিত।নিজের শূন্য কোল ভরাতে অন্যের কোল খালি করা, এটি কেমন কথা? সেই প্রশ্ন তাঁর।

সমাজে এ ধরনের ঘটনা প্রায়ই ঘটছে জানিয়ে পুলিশ কর্মকর্তা মো. হাসিনুজ্জামান বলেন, পরিবারিক ও সামাজিক চাপের কারণে নিঃসন্তান

অনেক দম্পতি শিশু চুরির মতো অপরাধে জড়িয়ে পড়ছেন।এ ব্যাপারে সচেতন হতে হবে।

নারায়ণগঞ্জ র‍্যাব শিশু চুরি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:17

URL: https://timestodaybd.com/across-the-country/5101212508